একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১১/২৩৮ তারিখ: ২৩ ভাদ্র ১৪৩২ / ০৭ সেপ্টেম্বর ২০২৫

বিষয় : তিতকাটা দারুস সুন্নাত আলিম মাদ্রাসা, পটুয়াখালী সদর, পটুয়াখালী এর শিক্ষক-কর্মচারীগণের বেতন-ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত স্মারক পত্রের কার্যকারিতা প্রত্যাহার ও জনাব এ কে এম আসাদুজ্জামান তিতকাটা দারুস সুন্নাত আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি পদে অবশিষ্ট মেয়াদ পর্যন্ত দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র : ১। বামাশিবো স্মারক নং-বামাশিবো/প্রশা/৩৩০২৫১০২৫৫৬১/১১১৭৭৫/নথি নং-১১, তারিখ-০১.০৬.২০২৫ খ্রি.;
২। বামাশিবো স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৯.৭৫.০০১-২৫-০২, তারিখ-১৪/০৭/২০২৫ খ্রি.;
৩। জনাব এ কে এম আসাদুজ্জামান কর্তৃক গত ২৪.০৮.২০২৫ ইং তারিখের আবেদন;
৪। বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর হাইকোর্ট বিভাগ এর স্মারক নং-আপীল/রুল/রিভিশন ১৭৪০, তারিখ-২৬.০৮.২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জনানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন তিতকাটা দারুস সুন্নাত আলিম মাদ্রাসার গভর্ণিং বডির সভাপতি পদে সূত্রোক্ত ১নং স্মারকে জনাব এ কে এম আসাদুজ্জামান-কে সভাপতি মনোনয়ন দেয়া হয়। পরবর্তীতে জনাব রিপন, পিতা- মোশাররফ হোসেন মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৯৭২৮/২০২৫ দায়ের করলে রিট মামলার ১৬.০৬.২৫ তারিখের ডাইরেকশন মূলে সূত্রোক্ত ১নং স্মারকের কার্যক্রম ১ (এক) মাসের জন্য stay করা হয়। জনাব এ কে এম আসাদুজ্জামান মহামান্য আপীল বিভাগে উক্ত stay আদেশের বিরুদ্ধে সিপিএলএ-২৫১৯/২০২৫ দায়ের করলে আপীল বিভাগ ০৬(ছয়) সপ্তাহের status-quo প্রদান করেন। সেমতে সভাপতি বিষয়ে মামলা বিচারাধীন থাকায় উক্ত মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণের এমপিও উত্তোলনে জটিলতা সৃষ্টি হওয়ায় সূত্রোক্ত ২নং স্মারকে জেলা প্রশাসক, পটুয়াখালী-কে দায়িত্ব দেয়া হয়।

০২. পরবর্তীতে জনাব এ কে এম আসাদুজ্জামান সূত্রোক্ত ৩ নং স্মারকে মাননীয় হাইকোর্টে রীট আবেদনের পরিপ্রেক্ষিতে স্টে টাইম ওভার এবং মহামান্য সুপ্রিম কোর্টের চেম্বার জজ আদালতের status-quo ০৬(ছয়) সপ্তাহ এর মেয়াদ শেষ হওয়ার পর জনাব এ কে এম আসাদুজ্জামান সভাপতির দায়িত্ব প্রদানের জন্য আবেদন করেন। উক্ত বিষয়ে সূত্রোক্ত ৪নং স্মারকে বর্ণিত 'রিট পিটিশন নং-৯৭২৮/২৫নং মোকদ্দমাটি বর্তমানে মহামান্য হাইকোর্ট বিভাগে প্রস্তুত অবস্থায় বিচারাধীন আছে এবং মাননীয় হাইকোর্ট বিভাগ গত ১৯.০৬.২৫ইং তারিখে ১(এক) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। যাহা পরবর্তীতে স্থগিতাদেশ বর্ধিত করণ হয় নাই'।

০৩. এমতাবস্থায়, তিতকাটা দারুস সুন্নাত আলিম মাদ্রাসা, পটুয়াখালী সদর, পটুয়াখালী এর শিক্ষক-কর্মচারীগণের বেতন-ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত সূত্রোক্ত ২ নং স্মারক পত্রটির কার্যকারিতা প্রত্যাহার করা হলো বিধায় জনাব এ কে এম আসাদুজ্জামান তিতকাটা দারুস সুন্নাত আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি পদে অবশিষ্ট মেয়াদ পর্যন্ত দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৮.৯.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
তিতকাটা দারুস সুন্নাত আলিম মাদ্রাসা,
সদর, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১১/ তারিখ: ২৩ ভাদ্র ১৪৩২ / ০৭ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. জেলা প্রশাসক, পটুয়াখালী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, পটুয়াখালী;
৪. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, পটুয়াখালী;
৬. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, .................... শাখা, সদর, পটুয়াখালী;
৬. জনাব এ কে এম আসাদুজ্জামান, সভাপতি, তিতকাটা দারুস সুন্নাত আলিম মাদ্রাসা, সদর, পটুয়াখালী;
৭. জনাব রিপন (রীটকারী), পিতা-মোশাররফ হোসেন;
৮. পিও টু চেয়ারম্যান/ পিএটু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd